

স্মারক নং-

২৫৮ (৪)

রীট রেকর্ড

তারিখ: ১৬.০২.২৩


উইডিংকৃত Part-II নথি বিক্রয়ের

নিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের এনেক্স ভবনের ৪র্থ তলায় রেকর্ড (রীট) শাখায় সংরক্ষিত ০৩ (তিন) বছরের অধিক পুরাতন নিষ্পত্তিকৃত ও উইডিংকৃত রীট পিটিশন ২০০১ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত মোট ৪৬,৫৫৬টি মামলার Part-II নথি নিলামে বিক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট ক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে আগামী ০৭/০৩/২০২৩ খ্রি: তারিখ বেলা ০২:০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের প্রশাসন ভবন-২, ৪র্থ তলা, কক্ষ নং-৪০৪ এর সামনে রক্ষিত দরপত্র বাঞ্ছ দরপত্র দাখিল করতে হবে। উক্ত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে রেকর্ড (রীট) শাখার বারান্দায় রক্ষিত ০৩ (তিন) বছরের অধিক পুরাতন উইডিংকৃত ৪৬,৫৫৬টি মামলার Part-II নথি সরেজমিনে পরিদর্শন করা যাবে।

শর্তাবলী

- ০১। দরপত্রে উইডিংকৃত Part-II নথির প্রতি কেজির মূল্য উল্লেখ করতে হবে।
- ০২। দাখিলকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স সহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।
- ০৩। আগামী ০৭/০৩/২০২৩ খ্রি: তারিখ দরপত্র দাখিলকারীর সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাস্তব খোলা হবে।
- ০৪। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ও যুক্তিযুক্ত দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। উপরে বর্ণিত উইডিংকৃত Part-II নথি Digital Weight Machine দিয়ে ওজন করতঃ ওজন মাসিক সমুদয় মূল্য বাবদ নগদ অর্থ নিলাম কমিটির সভাপতির নিকট তৎক্ষণাতঃ পরিশোধ করতে হবে এবং সম্পূর্ণ টাকা পরিশোধ সাপেক্ষে গেইট পাশ সংগ্রহ পূর্বক নির্দিষ্ট তারিখের মধ্যে উক্ত মামলার Part-II নথি নিজ খরচে ডেলিভারী নিতে হবে। Digital Weight Machine টি মামলার Part-II নথি ডেলিভারীর দিন কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে আনতে হবে।
- ০৫। নিলাম ও হস্তান্তর পরবর্তী নিলামকৃত Part-II নথির কোন ত্রুটি ধরা পরলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ০৬। জামানত হিসেবে দরপত্রের সাথে ২০,০০০/- (বিশ হাজার) টাকা বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার বরাবর পে-অর্ডার / ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) দাখিল করিতে হইবে। এ ক্ষেত্রে ব্যাংক চেক/নগদ অর্থ গ্রহণযোগ্য নয়।
- ০৭। নির্ধারিত তারিখের (অফিস চলাকালীন সময়) মধ্যে উইডিংকৃত Part-II নথি ডেলিভারী নিতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।
- ০৮। অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহারকৃত দরপত্র এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন দরপত্র গ্রহণযোগ্য নহে।
- ০৯। নিলামে বিক্রয়কৃত Part-II নথি সমূহ নিলাম কমিটির উপস্থিতিতে নিলাম পরবর্তী মড তৈরী করার শর্তে বিক্রয় করা হবে।
- ১০। কর্তৃপক্ষ সর্বোচ্চ দরপত্র গ্রহণে বাধ্য নহে এবং সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১১। ৪৬,৫৫৬টি মামলার Part-II নথি সংক্রান্ত কারো কোন আপত্তি আছে কিনা তৎমর্মে বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে নোটিশ প্রকাশের ১৪ (চৌদ্দ) দিন পর বিক্রয় করা হবে।



মোঃ সাইফুল ইসলাম মিয়া
ডেপুটি রেজিস্ট্রার (অনুলিপি ও মহাফেজ)
সভাপতি
টেন্ডার কমিটি
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।

অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ১। বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ২। বিজ্ঞ রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৩। অতিরিক্ত রেজিস্ট্রার (সার্বিক ও অধিক্ষেত্র), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৪। সিস্টেম এ্যানালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)



(মোঃ ইউসুফ আলী)
সহকারী রেজিস্ট্রার (দেওয়ানী-২)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।